গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ক্রীড়া পরিদপ্তর
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
মওলানা ভাসানী স্টেডিয়াম,ঢাকা-১০০০
http://www.ds.gov.bd

নং : ৩৪.০২.২৬৬৫.০০০.১৮.০২৮.২৩-৪৪ তারিখ : ০৬ জানুয়ারি ২০২৫

# নিলাম বিজ্ঞপ্তি

ক্রীড়া পরিদপ্তরের আওতাধীন খুলনা বিভাগীয় সরকারি শারীরিক শিক্ষা কলেজের মাইক্রোবাস ঢাকা মেট্রো-চ-৫১-০০৫০ "যেখানে যে অবস্থায় আছে" ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠান/সরবরাহকারী এজেন্সীর নিকট হইতে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত ঠিকানা, স্বাক্ষরসহ সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাইতেছে।

| ক্রমিক | গাড়ীর বিবরণ | প্রস্তুতকারী | পরিমান | সর্বনিম্নদর (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১। | রেজিস্ট্রেশন নংঃ ঢাকা মেট্রো-চ-৫১-০০৫০, ১৯৯৪ মডেল, ধরনঃ মাইক্রোবাস | টয়োটা মটর কর্পোরেশন | ০১টি | ৫২,৫০০/- (বায়ান্ন হাজার পাঁচশত) | সর্বনিম্ন দরের নীচের দর গ্রহণযোগ্য নহে। |

১। আগামী ২৬-০১-২০২৫ খ্রিঃ বিকাল ১২.০০ঘটিকার মধ্যে সীলমোহরকৃত দরপত্রসমূহ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ ক্রীড়া পরিদপ্তর, মওলানা ভাসানী স্টেডিয়াম, ঢাকায় রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করিতে পারিবেন। ডাক/কুরিয়ারযোগে নিলাম দরপত্র গ্রহণ করা হইবে না।

২। দরপত্রসমূহ ঐদিনই অর্থাৎ ২৬-০১-২০২৫ তারিখ দুপুর ২-০০ ঘটিকার সময় উপস্থিত নিলাম দরদাতা/ প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হইবে।

৩। যানবাহন নিলামে ক্রয়ের জন্য নিলাম দরদাতাকে উদ্ধৃত দরের ২৫% হারে নিরাপত্তা জামানত হিসাবে (ফেরতযোগ্য) পরিচালক, ক্রীড়া পরিদপ্তরের অনুকূলে যে কোন তফশীল ব্যাংক হইতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে দরপত্রের সঙ্গে জমা দিতে হইবে। নিরাপত্তা জামানত ছাড়া দরপত্র গ্রহণযোগ্য হইবে না। খামের উপর অবশ্যই দরদাতার নাম ও পূর্ণ ঠিকানা লিখিতে হইবে।

৪। কৃতকার্য নিলাম দরদাতাকে দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর ১৫(পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% মূল্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফটের মাধ্যমে পরিশোধ করিয়া মোটরকার গ্রহণ করিতে হইবে। অন্যথায় দরপত্রের সাথে প্রাপ্ত নিরাপত্তা জামানত সম্পূর্ণ বাজেয়াপ্ত করা হইবে।

৫। বর্ণিত মাইক্রোবাস আগামী ০৮-০১-২০২৫ তারিখ হইতে ২৩-০১-২০২৫ তারিখ পর্যন্ত প্রতিদিন অফিস চলাকালীন খুলনা বিভাগীয় সরকারি শারীরিক শিক্ষা কলেজ, শ্রীঘাট, বাগেরহাটে পরিদর্শন করা যাইবে।

৬। সরকারি নিয়মানুযায়ী কৃতকার্য দরদাতাকে প্রতিটি যানবাহনের উদ্ধৃত দরের সহিত আলাদাভাবে ভ্যাট ও আয়কর ক্রীড়া পরিদপ্তরের অনুকূলে পরিশোধ করিতে হইবে।

৭। নিলামে বর্ণিত মালামাল ক্রয়ের ক্ষেত্রে অতিরিক্ত কোন তথ্য জানার প্রয়োজন হইলে ক্রীড়া পরিদপ্তরে যোগাযোগ করা যাইতে পারে।

৮। দরপত্রে কোন কাটা ছেঁড়া/ঘষামাজা করা যাইবে না। উদ্ধৃত দর অংকে ও কথায় উল্লেখ করিতে হইবে।

৯। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র অথবা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করে এবং উল্লিখিত শর্তবহির্ভূত কোন সমস্যার উদ্ভব হইলে বা কোন পরিবর্তনের প্রয়োজন হইলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

০৬.০১.২০২৫
(মোঃ মোস্তফা জামান)
পরিচালক (যুগ্মসচিব)

Condem of Motorcar